



পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

بنگلادেশ সরকার
জাতীয় স্বাধীনতা দিবস



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

২৬ মার্চ ২০২৪

আজ ২৬শে মার্চ, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। স্বাধীনতা দিবসের এ শুভলক্ষ্মণে দেশে ও বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

ঐতিহাসিক এই দিনে আমি গভীর শুদ্ধায় স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর দুরদর্শী, সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। আমি পরম শুদ্ধার সাথে স্মরণ করছি আমাদের স্বাধীনতা যুদ্ধের ৩০ লাখ শহিদসহ সকল মুক্তিযোদ্ধাদের যাদের সর্বোচ্চ আত্মাগরে বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন বাসভূমি। কৃতজ্ঞতা জানাই কূটনৈতিক কোরের সদস্যদের যাঁরা মুক্তিযুদ্ধকালে ও যুদ্ধ পরবর্তীতে বিশ্ব সম্প্রদায়ের নেতৃত্বে সমর্থন এবং আর্থিক ও সামরিক সহায়তা লাভে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন।

সুন্দীর্ঘ মুক্তি সংগ্রামের মধ্য দিয়ে বাঙালি জাতির স্বাধীনতা অর্জনে অবিসংবাদিত মহান নেতা বঙ্গবন্ধুর হাত ধরেই এদেশে উন্নয়নের বীজ রোপিত হয়েছিল। মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধর্মসপ্রাপ্ত এবং অর্থনীতিতে পশ্চাত্পদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন। মাত্র সাড়ে তিন বছরে জাতির পিতা যখন যুদ্ধবিধিবন্স্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ সম্পন্ন করেন, ঠিক সেই সময় দেশ ও জাতির শক্তি কতিপয় কুচক্ষী তাঁকে হত্যা করে দেশের অগ্রগতিকে রুক্ষ করার ঘৃণ্য পদক্ষেপ নেয়। যত্যন্ত্রকারীদের চক্রান্তে দেশের অগ্রায়া সাময়িক ব্যাহত হলেও বঙ্গবন্ধুর সুযোগ্য কল্যান দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বে ‘উন্নয়নের রোল মডেল’ হিসেবে স্বীকৃতি পেয়েছে। জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত চেতনা ‘স্মার্ট বাংলাদেশ’ বিনির্মাণে আমি প্রবাসী বাংলাদেশীদের সক্রিয় অংশহীন ও সার্বিক সহযোগিতা কামনা করছি।

আন্তর্জাতিক পরিমঙ্গলে জাতীয় স্বার্থ সংরক্ষণ ও দেশের ভাবমূর্তি সমৃদ্ধি করতে প্রবাসী জনগণের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহের নিবেদিতপ্রাণ যে সমস্ত কর্মকর্তা ও কর্মচারী কাজ করছেন তাদের জন্য রইল স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা।

মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বৃদ্ধ হয়ে আমরা সকলে ঐক্যবন্ধভাবে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যাবো- আজকের দিনে এই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. হাছান মাহমুদ, এমপি)